# রংপুরে মরনোত্তর চক্ষুদানে দৃষ্টি ফিরে পেলেন দুজন

শাহ বায়েজীদ আহম্মেদ, রংপুর

প্রকাশ: ১২ মার্চ ২০২২ ১৭:৩৫:১২ আপডেট: ১২ মার্চ ২০২২ ১৭:৪২:১৬



সর্বশেষ আলোচিত

রামু বৌদ্ধ মন্দিরে হামলার ১০ বছর আজ



রেলের টিকিটের দাম বেশি কেন, প্রশ্ন করায় নারীর ওপর হামলা



মেক্সিকোতে বন্দুক হামলায় ৬ পুলিশ হত্যা



বিশ্ব হার্ট দিবস আজ



যুক্তরাষ্ট্রে আঘাত হেনেছে শক্তিশালী হারিকেন 'ইয়ান'



উড়োজাহাজে ত্রুটি, সৈয়দপুর থেকে ঢাকার যাত্রা বাতিল



অজ্ঞাত গাড়ির ধাক্কায় এসএসসি পরীক্ষার্থী নিহত



রংপুরে মরোনাত্তর চক্ষুদানের কর্নিয়া প্রতিস্থাপনের মাধ্যমে অন্ধত্ব থেকে মুক্তি পেয়েছেন দুইজন। উত্তারাঞ্চলে এই প্রথম দ্বীপ আইকেয়ার ফাউন্ডেশনের মাধ্যমের এই উদ্যোগ সফল হয়েছে।

এরই মধ্যে আরো ২০ জন দৃষ্টিহীন অস্বচ্ছল মানুষ ফাউন্ডেশনের কাছে কর্নিয়া চেয়ে আবেদন করেছেন। অন্যের চোখের আলোয় তারা দেখতে চান এই সুন্দর পৃথিবী।

লালমনিরহাট হাতিবান্ধা উপজেলার পটিকাবাড়ী গ্রামের ওসমানগণির মেয়ে আলপনা আক্তার চার বছর আগে ভূট্টার পাতায় আঘাত লেগে ডান চোখের দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেন।

সেই থেকে বাঁ চোখেরও দৃষ্টিশক্তি তাঁর ক্ষীণ হয়ে যায়। দিন মজুর বাবার পক্ষে মেয়ের চোখের চিকিৎসা করানো সম্ভব হয়নি।

শুক্রবার দ্বীপ আইকেয়ার ফাউন্ডেশনে সফল অস্ত্রপচারের মাধ্যমে চোখের আলো ফিরে পান আলপনা। একই সময়ে চোখের আলো ফিরে পান ২৫ বছর বয়সী যুবক ফরিদুল ইসলাম।

স্বজনরা জানান, এতে অনুপ্রাণিত হয়ে দৃষ্টিহীনদের দৃষ্টি ফেরাতে মরণোত্তর চোখ দানে উৎসাহী হবেন অনেকেই।

চিকিৎসক কামরুজ্জামান জানান, সরকারি উদ্যোগে আই ব্যাঙ্ক চালু না থাকায় এই অঞ্চলের প্রায় সাত হাজার মানুষের অন্ধত্ব ঘোচানো যাচ্ছে না।

এরই মধ্যে আরো ২০ জন দৃষ্টিহীন অস্বচ্ছল মানুষ ফাউন্ডেশনের কাছে কর্নিয়া চেয়ে আবেদন করেছেন।